১। কলেজ প্রধান
২। বিভাগীয় ই-মেইল
অধ্যক্ষ ২৫/১১/২৬
রাজশাহী কলেজ, রাজশাহী।

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৬২২৬ তারিখ ঃ ২৪/১১/২০২৬খ্রিঃ

২৫/১১/২৬

২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার

প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের বিল বিবরণী অন-লাইনে এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার বিভিন্ন বিষয়ে প্রধান পরীক্ষকগণ তার অধীনে থাকা পরীক্ষক ও নিরীক্ষকগণের বিল আগামী ২৫/১১/২০২৬খ্রিঃ থেকে ১০/১২/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে অন-লাইনে এন্ট্রি দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অন-লাইনে উত্তরপত্র মূল্যায়নের বিল এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলী ঃ

প্রধান পরীক্ষকগণ নিজ বিলসহ তাঁর অধীনস্থ পরীক্ষক ও নিরীক্ষকগণের উত্তরপত্র মূল্যায়নের বিল নির্দিষ্ট সময়ের মধ্যে অন-লাইনে এন্ট্রি করবেন। বিল **Entry** লিংক: **http://103.113.200.36/PAMS/TeacherLogin.aspx** অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **http:// nu.ac.bd ⟶ Service ⟶ Teacher Services** মিনু পর্যায়ক্রমে সিলেক্ট করে TMIS দিলে আপনার মোবাইলে **OTP** প্রাপ্ত হবেন তা ইনপুট দিয়ে **Login** করতে হবে।

০১. **Site Navigation** থেকে **Head Examiner Bill Entry-** তে ক্লিক করার পর পরীক্ষার নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক এবং তাঁর অধীনস্থ পরীক্ষকগণের তালিকা প্রদর্শিত হবে। অতঃপর পরীক্ষকদের শূণ্য ফিল্ডগুলো যথাযথ ও নির্ভূলভাবে পূরণ করে পরীক্ষকদের ইভ্যালুয়েশন ফিল্ড নির্ধারণপূর্বক **Update** বটন ক্লিক করলে ডাটা সেভ হবে। অতিরিক্ত কোন ডাটা থাকলে বা কোন পরীক্ষকের তথ্য অসম্পূর্ণ থাকলে তা ডাটার পার্শ্বে লাল চিহ্নিত ডিলিট বাটনে ক্লিক করে ডিলিট করে দিতে হবে। কোন পরীক্ষকের তথ্য তালিকায় না থাকলে বা পরীক্ষকের অসম্পূর্ণ তথ্য সংশোধন করার (ক্রমিক ২ মোতাবেক) পর **Add Missing GE/SE** বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট পরীক্ষকের **TMIS** নম্বর লিখে **Search** বাটনে ক্লিক করে পরীক্ষকের প্রদর্শিত তথ্যাবলী যথাযথ ও নির্ভূলভাবে পূরণ করে **Save** বাটনে ক্লিক করলে ডাটা মূল তালিকায় সংযুক্ত হবে। অতঃপর পরীক্ষদের শূন্য ফিল্ডগুলো যথাযথ ও নির্ভূলভাবে পূরণ করে পরীক্ষদের ইভ্যালুয়েশন ফিল্ড নির্ধারণপূর্বক **Update** বাটনে ক্লিক করলে ডাটা সেভ হবে।

০২. কোন পরীক্ষকের ব্যাংক হিসাবে নাম/হিসাব নম্বর/শাখার নাম ভুল থাকলে উক্ত পরীক্ষক এবং প্রধান পরীক্ষকের টিএমআইএস নম্বর উল্লেখপূর্বক তাঁর হিসাবের তথ্য সংশোধনের জন্য পরিচালক, অর্থ ও হিসাব বরাবর একটি আবেদনসহ সঠিক ব্যাংক হিসাবের চেক বইয়ের কভার পেজের স্ক্যান কপি সংযুক্ত করে (**debabrota.paul@nu.ac.bd**) প্রদত্ত মেইলে প্রেরণ করতে হবে।

০৩. যেহেতু নিরীক্ষকগণ প্রধান পরীক্ষক কর্তৃক নিয়োগকৃত সেহেতু নিরীক্ষকগণের তথ্যাবলী **Add Missing GE/SE** বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট নিরীক্ষকগণ-এর **TMIS** নম্বর লিখে **Search** বাটনে ক্লিক করলেই নিরীক্ষকের তথ্যাবলী ফিল্ডগুলোতে প্রদর্শিত হবে। অতঃপর খালি ফিল্ডগুলো যথাযথ ও নির্ভূলভাবে পূরণ করে **Save** বাটনে ক্লিক করলে ডাটা মূল তালিকায় সংযুক্ত হবে।

০৪. **Panel Script Reconciliation Summary** সঠিক হলে **Confirm & Finalize Submission** করতে হবে। পরীক্ষকগণের গ্রহণকৃত উত্তরপত্রের সংখ্যাই পূরণ করতে হবে। অন্যথায় প্রধান পরীক্ষকের মোট উত্তরপত্রের সাথে **Reconciliation Summary** সঠিক হবে না।

০৫. সংশোধনী করতে হলে সংশোধনপূর্বক **Update** বাটনে ক্লিক করতে হবে। সকল তথ্য সন্নিবেশিত হওয়ার পর **Confirm & Finalize Submission** বাটনে ক্লিক করতে হবে, **Confirm** করার পর কোন তথ্য সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবে না।

০৬. বিল বিবরণী ডাউনলোড করতে **Report Download** মিনু সিলেক্টপূর্বক পরীক্ষার নাম সিলেক্ট করতে হবে এবং সে কোন একটি গ্রেড রেডিও বাটন সিলেক্ট করে মন্তব্যের ঘর পূরণপূর্বক ডাউনলোড বাটনে ক্লিক করে পিডিএফ ফরমেটে সেভ করে প্রিন্ট করতে হবে। প্রিন্টকপিতে প্রধান পরীক্ষক স্বাক্ষর করবেন।

০৭. স্বাক্ষরিত হার্ডকপি অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখায় প্রেরণ করতে হবে। খামের উপর লাল কালি দিয়ে লিখতে হবে ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার প্রধান পরীক্ষকের বিল বিবরণী। উল্লেখ্য যে, প্রধান পরীক্ষকের স্বাক্ষরিত বিলের হার্ডকপি ছাড়া কোন বিল পরিশোধ করা হবে না।

০৮. **বিল বিবরণী প্রেরণের ঠিকানা :**

❖ জনাব মোঃ আব্দুস সামাদ, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, মোবাইল নম্বর (০১৩১৩-০৫২৩৬৭), অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় ডাকযোগ/হাতে হাতে বিল বিবরণী প্রেরণ করতে হবে। মেইল/হোয়াটসঅ্যাপে বিল বিবরণী প্রেরণ করা যাবে না।

বিল এন্ট্রি সংক্রান্ত বিষয়ে যেকোন সহযোগিতার জন্য অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে:

(১) জনাব জান্নাতুল নাঈমা, উচ্চমান সহকারী, মোবাইল নং ০১৭৪৫-৬৯৪৫২৮

আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক